

# অর্ধেক প্রার্থীকে বাদ দিয়ে বেরোবিতে শিক্ষক নিয়োগের বোর্ড!

বেরোবি প্রতিনিধি

প্রকাশিত: ০০:২৩, ১৩ আগস্ট ২০২৫



ছবি: সংগৃহীত

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের জেন্ডার অ্যান্ড ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগে শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় অর্ধেক প্রার্থীকে লিখিত পরীক্ষার সুযোগ না দিয়েই নিয়োগ সম্পন্ন করার অভিযোগ উঠেছে।

সূত্র জানায়, বিজ্ঞপ্তি প্রকাশের পর ১৮ জন প্রার্থী আবেদন করেন। যাচাই-বাছাইয়ের জন্য আবেদনগুলো বিভাগে পাঠালে প্ল্যানিং কমিটি অন্তত সাতটি আবেদন বাতিল করে। অভিযোগ রয়েছে, বিভাগের বর্তমান সভাপতি সহযোগী অধ্যাপক কুষ্টলা চৌধুরী নিয়ম ভেঙে সাবেক সভাপতি মীর তামানা ছিদ্রিকাকে প্ল্যানিং কমিটিতে অন্তর্ভুক্ত করেন, যা পছন্দের প্রার্থীকে সুবিধা দেওয়ার কৌশল হিসেবে দেখা হচ্ছে। বাতিলের কারণ হিসেবে সংশ্লিষ্ট বিষয়ের ডিগ্রি না থাকা, নম্বরপত্রের অনুলিপি অনুপস্থিতি ও অসম্পূর্ণ আবেদনপত্রের কথা বলা হয়।

প্রার্থী তালিকায় না থাকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী খন্দকার সুরাইয়া আক্তার রবিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হয়ে প্রশাসনের সঙ্গে দেখা করেন। প্রশাসন সমাধানের আশ্বাস দিলেও পরদিন সাতজনকে বাদ দিয়ে বাকি ১১ জনকে নিয়ে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষক নিয়োগের অভিভ্রতা অনুযায়ী, এই বিভাগে সামাজিক বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগ থেকে আবেদন করার সুযোগ থাকে। অতীতে ডেভেলপমেন্ট স্টাডিজ, লোকপ্রশাসন, শান্তি ও সংঘর্ষ, উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ প্রভৃতি বিভাগ থেকে শিক্ষক নিয়োগ হলেও এবার এসব বিভাগ থেকেও কয়েকজন প্রার্থী বাদ পড়েছেন বলে অভিযোগ রয়েছে।

এ বিষয়ে বিভাগীয় প্রধান কুন্তলা চৌধুরীর সঙ্গে যোগাযোগের চেষ্টা করলে তিনি সাংবাদিক পরিচয় শুনে ফোন কেটে দেন। পরে আবার যোগাযোগ করলে ফোনটি বন্ধ পাওয়া যায়।

উপাচার্য অধ্যাপক ড. শওকাত আলী বলেন, “ওই প্রার্থী সময়মতো কাগজপত্র জমা দেননি। পরে জমা দিলে তা গ্রহণযোগ্য নয়। তবে আমরা বিষয়টি বিভাগে পাঠিয়েছিলাম, তারা প্ল্যানিং কমিটি গঠন করে সিদ্ধান্ত দিয়েছে।” প্ল্যানিং কমিটিতে তিনজন থাকার নিয়ম থাকলেও চারজন কেন ছিলেন —এ প্রশ্নের জবাবে তিনি বলেন, “ওদের প্ল্যানিং কমিটি ভুল ছিল।”

---